তারিখ 14 AUG 2018
পৃষ্ঠা ২ কলাম ২

দৈনিক
আমাদের সময়

কেন্দ্র পরিদর্শন শেষে শিক্ষামন্ত্রী

# কমিটি নয়, শিক্ষক বাছাই করবে এনটিআরসিএ

নিজস্ব প্রতিবেদক ●
বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির কোনো অধিকার নেই জানিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, এনটিআরসিএ থেকে নিয়োগপ্রাপ্তকেই নিয়োগ দিতে হবে। শিক্ষক নিয়োগে বেসরকারি প্রতিষ্ঠানের সভাপতি বা কারো কোনো হস্তক্ষেপ হবে না। তাদের হস্তক্ষেপ করার কোনো সুযোগ নেই। আমরা একজনকে ঠিক করে দেব তাকে নিতে হবে। গতকাল বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) আয়োজিত ১৩তম বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষার ঢাকা কলেজ কেন্দ্র পরিদর্শন শেষে নিয়োগে অনিয়মের প্রসঙ্গ তুলে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। নিয়োগ প্রক্রিয়ার পুরোটাই অনলাইনে হবে জানিয়ে তিনি বলেন, সুতরাং কারো হস্তক্ষেপ করার সুযোগ থাকবে না, কোনো সুযোগ নেই। কোনো ধরনের ঘুষ, স্বজনপ্রীতি ও সুবিধা নেওয়ারও সুযোগও দেওয়া হবে না। নিয়োগবাণিজ্য ঠেকাতে গত বছরের ২১ অক্টোবর শিক্ষা মন্ত্রণালয় বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা সংশোধন করে। এতে, শিক্ষক নিয়োগে পরিচালনা পর্ষদের ক্ষমতা খর্ব হয়। নতুন নিয়মে বেসরকারি স্কুল-কলেজে মেধার ভিত্তিতে এনটিআরসিএর মাধ্যমে শিক্ষক নিয়োগ দেওয়ার কথা থাকলেও প্রক্রিয়া শেষ করতে না পারায় ২০১৫ সালের ২২ অক্টোবর থেকে শিক্ষক নিয়োগ বন্ধ আছে।